দৈনিক বাংলা

তারিখ ... 15 JUL 1991 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৮

## সংসদে প্রশ্নোত্তর

# ৬৯৬টি ভার্সিটি শিক্ষকের পদ শূন্য রয়েছে

।। স্টাফ রিপোর্টার ।।

দেশের বিশ্ববিদ্যালয়সমূহে মোট ৬৯৬টি শিক্ষকের পদ শূন্য রয়েছে। গতকাল জাতীয় সংসদে প্রশ্নোত্তর পর্বে শিক্ষামন্ত্রী অধ্যাপক বদরুদ্দোজা চৌধুরী এ তথ্য জানান।

মনিরুল হক চৌধুরীর এক প্রশ্নের জবাবে মন্ত্রী জানান যে, দেশে ৯টি বিশ্ববিদ্যালয় রয়েছে এবং এ বিশ্ববিদ্যালয়গুলোর কিছু শিক্ষক উচ্চ শিক্ষার্থে বিদেশে রয়েছেন।

(শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## ৬৯৬টি ভার্সিটি

(প্রথম পৃষ্ঠার পর)

মন্ত্রী সালাহউদ্দিন ইউসুফকে (খুলনা-৫) জানান যে, দেশের সরকারী কলেজসমূহে সহযোগী অধ্যাপক, সহকারী অধ্যাপক ও প্রভাষকের মোট ২৪২৬টি পদ খালি রয়েছে। মন্ত্রী আরো জানান যে, সহকারী অধ্যাপকদের গ্রেডেশন তালিকা প্রণয়নের কাজ এখন চূড়ান্ত পর্যায়ে আছে।

সতীশ চন্দ্র রায়ের (দিনাজপুর-২) এক প্রশ্নের জবাবে মন্ত্রী জানান যে, সরকারী এবং বেসরকারী স্কুল ও কলেজের ছাত্র-ছাত্রীর জন্য মাথাপিছু সরকারী ব্যয় হচ্ছে-সরকারী স্কুল ঃ ১৮৩৬ টাকা ৮৪ পয়সা, সরকারী কলেজ ঃ ২০৩২ টাকা ৬৩ পয়সা, বেসরকারী স্কুল ৭৬৩ টাকা ৯ পয়সা এবং কলেজ ঃ ৯৬৯ টাকা ৪ পয়সা।

জুবেদ আলীর (নেত্রকোনা-৩) এক প্রশ্নের জবাবে মন্ত্রী জানান যে, ৯০-৯১ অর্থ বছরে বিশ্ববিদ্যালয় শিক্ষা খাতে সরকারী ব্যয়ের পরিমাণ ছিল ১৩৬ কোটি ৯১ লাখ ৩৫ হাজার টাকা। এর মধ্যে রাজস্ব খাতে ব্যয় ছিল -১০২ কোটি ১৩ লাখ টাকা।

মোঃ আবদুস শহীদের (মৌলভীবাজার-৪) এক প্রশ্নের জবাবে মন্ত্রী জানান যে, গত জুন পর্যন্ত চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ছাত্রছাত্রীর সংখ্যা হচ্ছে ৬৯৯৭। এর মধ্যে ছাত্র ৫৪৫৭ ও ছাত্র ১৫৪০ জন। বর্তমানে পৌনে তিন কোটি টাকা ব্যয়ে ৫০০ ছাত্রের জন্য একটি হল তৈরী হচ্ছে। বর্তমানে বিশ্ববিদ্যালয়ে ছাত্রদের জন্য ৬টি ও ছাত্রীদের জন্যে একটি হল রয়েছে।

2